**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

# বিজ্ঞপ্তি

তারিখঃ ২৪শে মে ২০২১

ডিপজিটরি আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ৬ নং আইন) এর ধারা ১৭ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এতদ্বারা ডিপজিটরি প্রবিধানমালা, ২০০০ এবং ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর খসড়া সংশোধনীর উপর সংশ্লিষ্ট সকলের মতামত, পরামর্শ বা আপত্তি আহ্বান করিতেছে।

প্রস্তাবিত সংশোধনীর উপর মতামত, পরামর্শ বা আপত্তি উহা সংবাদপত্রে প্রকাশিত হইবার দুই সপ্তাহের মধ্যে নিম্ন ঠিকানায় প্রেরণ করিবার জন্য অনুরোধ করা হইল।

চেয়ারম্যান
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
ই-৬/সি, আগারগাঁও
শেরেবাংলানগর প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭

## প্রস্তাবিত খসড়া সংশোধনী

নং-বিএসইসি/সিএমআরআরসি/- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ডিপজিটরি আইন, ১৯৯৯ (১১৯৯ সনের ৬ নং আইন) এর ধারা ১৭ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জনমত যাচাই এর নিমিত্ত, ডিপজিটরি প্রবিধানমালা, ২০০০ এবং ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর নিম্নরূপ সংশোধন প্রস্তাব করিল, যথাঃ-

১। **ডিপজিটরি প্রবিধানমালা, ২০০০ এর সংশোধনী নিম্নরূপ, যথাঃ-**

(ক) প্রবিধি ৫ এর উপ-প্রবিধি (১) এর শেষে "।" স্থলে "ঃ" প্রতিস্থাপিত হইবে এবং এরপর নিম্মোক্ত শর্তাংশ সংযোজিত হইবে, যথাঃ-

"তবে শর্ত থাকে যে, আবেদনের সাথে আবেদন ফি বাবদ কমিশনের অনুকূলে পাঁচ লক্ষ টাকা পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট বা ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করিতে হইবে।

আরও শর্ত থাকে যে, নিবন্ধন ফি বাবদ কমিশনের অনুকূলে এক কোটি টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা প্রদান করিতে হইবে।

(খ) প্রবিধি ৫ এর উপ-প্রবিধি (৭) এর "পঞ্চাশ হাজার টাকার" শব্দগুলি "বিশ লক্ষ টাকার" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে। উপ-প্রবিধি (৭) এর শেষে "।" এর স্থলে "ঃ" প্রতিস্থাপিত হইবে এবং এরপর নিম্মোক্ত শর্তাংশ সংযোজিত হইবে যথাঃ-

"তবে শর্ত থাকে যে, বাৎসরিক ফি জমা প্রদানের ক্ষেত্রে প্রতিমাস বা উহার অংশ বিশেষ বিলম্বের জন্য পঞ্চাশ হাজার টাকা হারে বিলম্ব ফি প্রদান করিতে হইবে"।



"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

(গ) প্রবিধি ৮ এর উপ-প্রবিধি (১) এর শেষে "।" এর স্থলে "ঃ" প্রতিস্থাপিত হইবে এবং এরপর নিম্মোক্ত শর্তাংশ সংযোজিত হইবে, যথাঃ-

"তবে শর্ত থাকে যে, ব্যাবসা চালুকরণ সার্টিফিকেট এর জন্য ফি বাবদ কমিশনের অনুকুলে বিশ লক্ষ টাকা পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করিতে হইবে।

(ঘ) ডিপজিটরি প্রবিধানমালা, ২০০০ এর যে সকল প্রবিধি, উপ-প্রবিধি বা কোন শর্তাংশে "পে-অর্ডার" শব্দগুলি রহিয়াছে সে সকল প্রবিধি বা উপ-প্রবিধি বা শর্তাংশে "পে-অর্ডার" শব্দগুলির পরিবর্তে "পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। **ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর সংশোধনী নিম্নরূপ, যথাঃ-**

(ক) প্রবিধি ২৭ এর উপ-প্রবিধি (২) এর দফা (খ) এর স্থলে নিম্মোক্ত নতুন দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(খ) উক্ত আবেদনের ছকে উল্লিখিত দলিলপত্র ও তথ্য সহ কমিশনের অনুকুলে প্রদেয় ফি বাবদ নিম্মোক্ত অংকের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফারের মাধ্যমে জমা প্রদান করিতে হইবেঃ

কাস্টডি অংশগ্রহণকারীর ক্ষেত্রে --------------------টাকা ২,০০,০০০
ট্রেডিং অংশগ্রহণকারীর ক্ষেত্রে----------------------টাকা ৫০,০০০
অন্যান্য অংশগ্রহণকারীর ক্ষেত্রে---------------------টাকা ১,০০,০০০

(খ) প্রবিধি ৩০ এর উপ-প্রবিধি (২) এর শেষে "।" এর স্থলে "ঃ" প্রতিস্থাপিত হইবে এবং এর পর নিম্মোক্ত শর্ত সংযোজিত হইবে, যথাঃ-

"তবে শর্ত থাকে যে, নিবন্ধন ফি বাবদ কমিশনের অনুকুলে নিম্মোক্ত অংকের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট বা ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করিতে হইবেঃ

কাস্টডি অংশগ্রহণকারীর ক্ষেত্রে --------------------টাকা ৫,০০,০০০
ট্রেডিং অংশগ্রহণকারীর ক্ষেত্রে----------------------টাকা ১,০০,০০০
অন্যান্য অংশগ্রহণকারীর ক্ষেত্রে---------------------টাকা ২,০০,০০০

(গ) প্রবিধি ৩০ এর উপ-প্রবিধি (৬) এর স্থলে নিম্মোক্ত নতুন উপ-প্রবিধি (৬) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(৬) প্রত্যেক ক্ষেত্রে কমিশনের বরাবরে প্রদেয় নবায়ন ফি বাবদ নিম্মোক্ত অংকের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক্স ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে প্রদান সহ ডিপজিটরির মাধ্যমে তফসীল-৩ এ প্রদত্ত ছকে একটি আবেদন কমিশনে দাখিল করতঃ নিন্ধন সনদ (ক) কাস্টডি অংশগ্রহণকারীর ক্ষেত্রে পাঁচ বছর, এবং (খ) ট্রেডিং ও অন্যান্য অংশগ্রহণকারীর ক্ষেত্রে এক বছরের জ ন্য নবায়ন করা যাইবেঃ

কাস্টডি অংশগ্রহণকারীর ক্ষেত্রে --------------------টাকা ৫,০০,০০০
ট্রেডিং অংশগ্রহণকারীর ক্ষেত্রে----------------------টাকা ১,০০,০০০
অন্যান্য অংশগ্রহণকারীর ক্ষেত্রে---------------------টাকা ২,০০,০০০



"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

(ঘ) প্রবিধি ৩০ এর উপ-প্রবিধি (৭) এর "টাকা ৫০০ হারে" শব্দগুলি "টাকা ৫,০০০ হারে" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(ঙ) ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর যে সকল প্রবিধি, উপ-প্রবিধি বা কোন শর্তাংশে "ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার" শব্দগুলি রহিয়াছে সে সকল প্রবিধি বা উপ-প্রবিধি বা শর্তাংশে "ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার" শব্দগুলির পরিবর্তে "পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর আদেশক্রমে

প্রফেসর শিবলী রুবাইয়াত-উল-ইসলাম
চেয়ারম্যান।